গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০০২.০৭.২৪.-১৭৫ (১০০)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১ / ১৫ এপ্রিল ২০২৪

# দরপত্র বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ অর্থবছরে রাজবাড়ী জেলায় বিভিন্ন ইউনিয়ন পরিষদে কর্মরত ৪০০ জন গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর অনুকূলে নিম্নবর্ণিত পোশাক/সরঞ্জামাদি পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ ও নিম্নলিখিত শর্তানুযায়ী সরবরাহ করার লক্ষ্যে অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে-

<table>
<tr><th colspan="7">তফসিল-"ক"</th></tr>
<tr><th>ক্রমিক</th><th colspan="3">বিবরণ</th><th colspan="3">বিস্তারিত তথ্য</th></tr>
<tr><td>০১</td><td colspan="3">মন্ত্রণালয়/বিভাগ</td><td colspan="3">স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়</td></tr>
<tr><td>০২</td><td colspan="3">দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান</td><td colspan="3">জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী</td></tr>
<tr><td>০৩</td><td colspan="3">সংগ্রাহক সত্তার নাম</td><td colspan="3">জেলা প্রশাসক, রাজবাড়ী</td></tr>
<tr><td>০৪</td><td colspan="3">কাজের বিবরণ</td><td colspan="3">রাজবাড়ী জেলায় "২০২৩-২৪ অর্থবছরে ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ"</td></tr>
<tr><td>০৫</td><td colspan="3">দরপত্র আহ্বানের সূত্র</td><td colspan="3">স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ১৪.১১.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)- ৯১২ নং পত্র</td></tr>
<tr><td>০৬</td><td colspan="3">সরবরাহকারী /ঠিকাদারের যোগ্যতা ও প্রয়োজনীয় শর্তাবলি</td><td colspan="3">বিস্তারিত দরপত্র সিডিউলে বর্ণিত (www.rajbari.gov.bd) ওয়েবসাইটে দেখা যাবে</td></tr>
<tr><td>০৭</td><td colspan="3">দরপত্র সংগ্রহ পদ্ধতি</td><td colspan="3">উন্মুক্ত দরপত্র পদ্ধতি</td></tr>
<tr><td>০৮</td><td colspan="3">বাজেট এন্ড সোর্স</td><td colspan="3">অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১০১/ ১২০০০১৩০৮/৩৬৩১১০৩; গ্রামপুলিশদের পণ্য ও সেবা বাবদ সহায়তা খাত</td></tr>
<tr><td>০৯</td><td colspan="3">দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান</td><td colspan="3">১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (২) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী</td></tr>
<tr><td>১০</td><td colspan="3">দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান</td><td colspan="3">১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (২) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী</td></tr>
<tr><td rowspan="4">১১</td><td colspan="2">পর্যায়</td><td>দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়</td><td>দরপত্র দাখিলের তারিখ ও সময়</td><td>দরপত্র খোলার তারিখ ও সময়</td><td>মন্তব্য</td></tr>
<tr><td rowspan="3">সময়সূচি</td><td>১ম</td><td>০৭/০৫/২০২৪ তারিখ বিকাল ৪:০০ পর্যন্ত</td><td>০৮/০৫/২০২৪তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত</td><td>০৯/০৫/২০২৪ তারিখ বিকাল ৩:০০</td><td rowspan="3">যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়গুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে</td></tr>
<tr><td>২য়</td><td>১৪/০৫/২০২৪ তারিখ বিকাল ৪:০০ পর্যন্ত</td><td>১৫/০৫/২০২৪ তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত</td><td>১৬/০৫/২০২৪ তারিখ বিকাল ৩:০০</td></tr>
<tr><td>৩য়</td><td>২০/০৫/২০২৪ তারিখ বিকাল ৪:০০ পর্যন্ত</td><td>২১/০৫/২০২৪ তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত</td><td>২৩/০৫/২০২৪ তারিখ বিকাল ৩:০০</td></tr>
<tr><td>১২</td><td colspan="3">দরপত্র সিডিউলের ক্রয় মূল্য (অফেরতযোগ্য)</td><td colspan="3">সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার টাকা)</td></tr>
<tr><td>১৩</td><td colspan="3">দরপত্র উন্মুক্তকারী প্রতিষ্ঠানের নাম</td><td colspan="3">জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ)</td></tr>
<tr><td>১৪</td><td colspan="3">তফসিল-খ এ বর্ণিত মালামাল সরবরাহের মেয়াদ</td><td colspan="3">কার্যাদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে</td></tr>
</table>

তফসিল-"খ"

সরবরাহযোগ্য মালামালের বিবরণ:

| ক্রমিক | পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | ফুল শার্ট (নীল রং) | ৩৮৫ টি |
| ২ | হাফ হাতা শার্ট (নীল রং) | ৩৮৫টি |
| ৩ | ফুল প্যান্ট (খাকি রং) | ৭৭০টি |
| ৪ | শাড়ি (পেটিকোটসহ) | ৩০টি |
| ৫ | ব্লাউজ (শার্ট স্টাইল) | ৩০টি |
| ৬ | সোল্ডার ব্যাজ (দফাদারদের সোল্ডার ব্যাজ পারপেল কালার, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রামপুলিশ লেখাটি সাদা রং এর হবে) | ৩৯ জোড়া |
| ৭ | সোল্ডার ব্যাজ (মহল্লাদারদের পারপেল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রামপুলিশ লেখাটি সাদা রং এর হবে) | ৩৪৬ জোড়া |
| ৮ | শীতের জ্যাকেট (উপজেলা ভিত্তিক) | ৪০০টি |
| ৯ | উলের জামা (মহিলাদের জন্য কার্ডিগান) | ৪০০টি |
| ১০ | ছাতা (গ্রামপুলিশ মনোগ্রামসহ) | ৪০০টি |
| ১১ | কাপড়ের জুতা (মোজাসহ) | ৪০০টি |
| ১২ | বেল্ট | ৪০০টি |
| ১৩ | নাম ব্যাজ | ৪০০টি |
| ১৪ | বেতের লাঠি | ৪০০টি |
| ১৫ | খাতা কলম,অফিসের কাগজপত্র, জামা কাপড় বহন করার জন্য ব্যাগ | ৪০০টি |
| ১৬ | চার্জার টর্চ লাইট (নূন্যতম ৩.৭ ভোল্ট ৪৮০০ মিলি অ্যাম্পিয়ার আওয়ার) | ৪০০টি |

দরপত্র দাখিলের শর্তাবলি-

০১। দরপত্র সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর "দফাদার ও মহল্লাদারদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র" উল্লেখ থাকতে হবে;

০২। দাখিলকৃত দরপত্র জামানত হিসেবে উদ্ধৃত দরের কমপক্ষে ৩% যে কোন তফসিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, রাজবাড়ী-এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে;

০৩। দরপত্রের সঙ্গে দরপত্রে উল্লিখিত সকল আইটেমের ১টি করে নমুনা দাখিল করতে হবে;

০৪। নির্বাচিত দরপত্র দাতা নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক মানসম্পন্ন সমুদয় মালামাল সরবরাহে ব্যর্থ হলে বা দরপত্রের কোন শর্ত ভঙ্গ করলে তার কার্যাদেশ বাতিল এবং দাখিলকৃত জামানত কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত হবে;

০৫। দরপত্র দাতার (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি (খ) জাতীয় পরিচয় পত্র (গ) হালনাগাদ ব্যবসায়িক ট্রেড লাইসেন্স (ঘ) টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন সনদ (ঙ) আয়কর পরিশোধের হালনাগাদ সনদ দাখিল করতে হবে;

০৬। কোনক্রমেই ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সিডিউল ও দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরপত্রদাতাকে স্বাক্ষর করতে হবে;

০৭। ১ম পর্যায়ে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। ২য় পর্যায়ে কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে ৩য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়সমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

০৮। দরপত্রের সকল কার্যাদি পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ), ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ (সর্বশেষ সংশোধনকৃত) মোতাবেক পরিচালিত হবে;

০৯। জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত পোশাকের কাপড়ের নমুনা অনুযায়ী দরপত্রের সাথে নমুনা দাখিল করতে হবে। সরবরাহকৃত মালামালের বিল হতে সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। এ বিষয়ে সময়ে সময়ে জারিকৃত সরকারের বিধি-বিধান প্রযোজ্য হবে। এ জন্য কোন অতিরিক্ত পাওনা পরিশোধ করা হবে না;

১০। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার তিন দিনের মধ্যে NOA গ্রহণের পর ১০% হিসাবে **Performance Security** বাবদ অর্থ জেলা প্রশাসক, রাজবাড়ী-এর অনুকূলে জমা দেয়ার পর ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে শর্ত মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা স্বাক্ষর করতে হবে;

১১। যদি দরপত্রে উল্লিখিত তারিখে কোন কারণবশত সরকারি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী কার্যদিবসে ধারাবাহিকভাবে অফিস চলাকালীন দরপত্রের শর্তানুযায়ী উক্ত কার্যক্রম গ্রহণ করা হবে;

১২। সরবরাহকৃত মালামালের বিষয়ে যদি কোন আপত্তি না থাকে তবে বিল পরিশোধের ০৬(ছয়) মাস পরে জামানতের অর্থ ফেরত দেয়া হবে;

১৩। সকল ক্ষেত্রে কর্তৃপক্ষ/কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪/৪/২৪

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd

নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০০২.০০৭.২৪-১৭৫(১০০)/১(৭৩)

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা। ১০(দশ) সেট সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। তাঁর কার্যালয়ে আগামী ০৮/০৫/২০২৪ তারিখে টেন্ডার বাক্স খোলা এবং প্রাপ্ত দরপত্র (যদি দাখিল করা হয়) মুখবন্ধ অবস্থায় বিক্রিত সিডিউলের অর্থসহ এ অফিস থেকে প্রেরিত বাহকের নিকট সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রচারের জন্য-

১। জেলা প্রশাসক ......................................(সকল)
২। পুলিশ সুপার, রাজবাড়ী
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী
৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী
৫। বিজ্ঞাপন ম্যানেজার, "দৈনিক সমকাল" ও " Daily Observer" এবং স্থানীয় "দৈনিক মাতৃকণ্ঠ" (তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৪/২০২৪ তারিখের মধ্যে তার জাতীয় দৈনিক পত্রিকায় ১০"×৩" কলামে একদিন মূল সংস্করণে ভিতরের পাতায় প্রকাশপূর্বক ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
৬। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী। দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
৭। অফিস নথি

১৫/০৪/২০২৪

আসাদুজ্জামান রিপন
উপপরিচালক, স্থানীয় সরকার
রাজবাড়ী
ফোন-০২৪৭৮৮০৭৬৩৫